

বর্ধমান বিশ্ববিদ্যালয়ের তৃতীয় বর্ষের পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী  
(Part -III, 2020)

- ১) প্রত্যেক পরীক্ষার্থীকে ৫০ নম্বরের পরীক্ষা দিতে হবে। পরীক্ষার সময় হল দু'ঘন্টা।
- ২) পরীক্ষার্থীকে ৩০ মিনিট আগে প্রশ্নপত্র সংগ্রহ করতে হবে বিশ্ববিদ্যালয়ের/কলেজের ওয়েবসাইট থেকে এবং পরীক্ষা শেষ হওয়ার ৩০মিনিটের মধ্যে উত্তর পত্র PDF FILE করে জমা দিতে হবে কলেজ মেল আইডিতে।  
**College Mail Id : snccacademic@gmail.com**
- ৩) পরীক্ষার্থীরা কলেজ ওয়েবসাইট- এ গিয়ে নিজ নিজ এ্যাডমিট কার্ড ডাউনলোড করে নিতে পারবে।
- ৪) উত্তরপত্রের প্রথম পেজটি বিশ্ববিদ্যালয়ের/কলেজের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে। উত্তর পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ের পেজটি প্রথম পেজ হিসাবে ব্যবহার করা বাধ্যতামূলক এবং অতি যত্ন সহকারে পেজটি ফিলাপ করতে হবে। পেজটিতে নাম, রোল নাম্বার প্রভৃতি ঠিকমতো ফিলাপ না করলে উত্তরপত্রটি বাতিল হয়ে যাবে।
- ৫) সমস্ত প্রশ্ন ১০ এবং ৫ নম্বরের হবে। ১ বা ২ নম্বরের কোন প্রশ্ন থাকবে না।
- ৬) পরীক্ষার্থীকে আবশ্যই উত্তর পত্র নিজের হাতে লিখে সাবমিট করতে হবে।
- ৭) বিশ্ববিদ্যালয় প্রদত্ত পেজটি সামনে রেখে পরের পেজগুলি ১,২,৩,৪, এভাবে সাজিয়ে সাবমিট করতে হবে।
- ৮) কোনো পরীক্ষার্থী বৈদ্যুতিন মাধ্যমে জমা দিতে না পারলে ৩০ মিনিটের মধ্যে তার কলেজে এসে জমা দিতে পারবে। কোন পরীক্ষার্থী নির্দিষ্ট সময়ে বৈদ্যুতিন মাধ্যমে বা কলেজে এসে জমা না করলে সেই প্রার্থীকে উক্ত বিষয়টিতে অনুপস্থিত বলে গন্য করা হবে।
- ৯) পরীক্ষার্থীকে আবশ্যই উত্তর পত্রের প্রথম পাতায় নিজেকে স্বাক্ষর করতে হবে এবং প্রমান স্বরূপ সেই পাতাটির স্ক্রিন শট নিয়ে রাখতে হবে।

